বাংলাদেশ ইনস্টিটিউট অব
পার্লামেন্টারী স্ট্যাডিজ

Global Gateway

Funded by
the European Union



# জাতীয় বাজেট ২০২৪-২০২৫: সারসংক্ষেপ

## শিক্ষা

Finance Division, Ministry of Finance

**PFM Action Plan**

Component-12

*Strengthen Parliamentary Oversight and Scrutiny of Public Expenditure*

DT Global

সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)
Centre for Policy Dialogue (CPD)

বাজেট
হেল্পডেস্ক
২০২৪

**Technical Assistance to Support the Implementation of the PFM Reform Strategic Plan in Bangladesh**

## ১. প্রেক্ষাপট

শিক্ষা বাজেট উন্নত মানবসম্পদ সৃষ্টি, কর্মক্ষম জনগোষ্ঠী তৈরি, সামাজিক সাম্যতা এবং টেকসই উন্নয়নের সাথে সরাসরি সম্পৃক্ত। জাতীয় বাজেটে শিক্ষা খাতে উল্লেখযোগ্য বরাদ্দের মাধ্যমে বাংলাদেশ সরকার শিক্ষার মান উন্নয়ন, দক্ষতা বৃদ্ধি এবং সৃজনশীল ও উদ্ভাবনী শিক্ষা ব্যবস্থা প্রণয়নে কাজ করে যাচ্ছে। শিক্ষা খাতে বিনিয়োগ একটি অন্তর্ভূক্তিমূলক অর্থনীতির ভিত তৈরীতে ভূমিকা রাখছে। বৃত্তিমূলক শিক্ষা কার্যক্রমে অধিভুক্তির হার ২০৩০ সালের মধ্যে ৩০ শতাংশে উন্নীত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে (২০২২ সালে এর হার ছিল ১৭ শতাংশ)। শিক্ষা খাত পরিকল্পনা (২০২০-২৫) শিক্ষা খাতের উন্নততর পরিকল্পনা, সমন্বয় ও শিক্ষা কার্যক্রম বাস্তবায়নে গুরুত্ব দিচ্ছে।

শিক্ষা অবকাঠামো সম্প্রসারণের সাথে সাথে বর্তমান সরকার শিক্ষা খাতে প্রযুক্তির ব্যবহার এবং বৃত্তিমূলক শিক্ষার বিস্তারে উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে। প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ, মাল্টিমিডিয়া ও সাউন্ড সিস্টেম বিতরণ এবং শিক্ষকদের এ সংক্রান্ত প্রশিক্ষণ সরকারের একটি কার্যকরী পদক্ষেপ। ২০০৯ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত ১৩ হাজার ৭০৫টি শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ এবং ৯ হাজার ৪১১ টি শিক্ষা প্রতিষ্ঠানে আসবাপত্র সরবরাহ করা হয়েছে। এছাড়া, ১০০ টি উপজেলায় প্রতিটিতে ১ টি করে মোট ১০০ টি টেকনিকাল স্কুল এন্ড কলেজ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে ৩৩টি নতুন মাদ্রাসা অন্তর্ভুক্ত করা হয়েছে। দেশের ১ হাজার ৩৬ টি মাদ্রাসায় শেখ রাসেল আইসিটি ল্যাব স্থাপন করা হয়েছে।

প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় শিক্ষক-শিক্ষার্থীর সংখ্যার অনুপাত ২০০৬ সালের ১ঃ৫২ থেকে উন্নীত হয়ে ২০২২ সালে ১ঃ৩৩ হয়েছে। ইংরেজী ও গণিতসহ অন্যান্য বিষয়ে ৫ লক্ষ ৩৭ হাজার শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২৪ শিক্ষাবর্ষে ৯ কোটি ৩৮ লক্ষ ৩ হাজার ৬০৬টি পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। বর্তমান সরকারের সময়ে মাধ্যমিক পর্যায়ে ভর্তির হার ৭২ শতাংশে উন্নীত হয়েছে। শিক্ষার উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সরকারের ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে শিক্ষা খাতে বরাদ্দের পরিমান বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।


## ২. ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে শিক্ষাখাতে বরাদ্দ

চলতি ২০২৩-২৪ অর্থবছরে শিক্ষা খাতের জন্য বাজেটে মোট বরাদ্দ ছিল ৮৮ হাজার ১৬২ কোটি টাকা - যা মোট বাজেটের ১১.৬ শতাংশ (লেখচিত্র ১)। পরবর্তীতে সংশোধিত বাজেটে বরাদ্দ হ্রাস করে ৭৪ হাজার ৫৯৭ কোটি টাকা করা হয় - যা মোট বাজেটের ১০.৪ শতাংশ (লেখচিত্র ১)। আসন্ন ২০২৪-২৫ অর্থবছরে শিক্ষা খাতের জন্য ৯৪ হাজার ৭১১ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে - যা মোট বাজেটের ১১.৯ শতাংশ। আসন্ন ২০২৪-২৫ অর্থবছরে শিক্ষা খাতে এই বরাদ্দ চলতি অর্থবছরের বাজেটে বরাদ্দের চেয়ে ৭.৪ শতাংশ এবং সংশোধিত বরাদ্দের চেয়ে ২৭ শতাংশ বেশি (লেখচিত্র ১)।

আসন্ন ২০২৪-২৫ অর্থবছরে শিক্ষার সাথে সম্পর্কিত মন্ত্রণালয় এবং বিভাগগুলোর জন্য বরাদ্দ চলতি ২০২৩-২৪ অর্থবছরের চেয়ে বৃদ্ধি পেয়েছে। এর মধ্যে সর্বাধিক বরাদ্দ প্রস্তাব করা হয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের জন্য, যার পরিমাণ ৪৪ হাজার ১০৯ কোটি টাকা। অপরদিকে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জন্য ৩৮ হাজার ৮১৯ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এছাড়াও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জন্য ২০২৪-২৫ অর্থবছরে ১১ হাজার ৭৮৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে (লেখচিত্র ২)।


শিক্ষার সাথে সম্পর্কিত মন্ত্রণালয় এবং বিভাগগুলোর জন্য আসন্ন ২০২৪-২৫ অর্থবছরের জন্য বরাদ্দ চলতি ২০২৩-২৪ অর্থবছরের চেয়ে বৃদ্ধি পেয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে সর্বাধিক বরাদ্দ প্রস্তাব করা হয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের জন্য, যার পরিমাণ ৪৪ হাজার ১০৯ কোটি টাকা। অপরদিকে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জন্য ৩৮ হাজার ৮১৯ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এছাড়াও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জন্য ২০২৪-২৫ অর্থবছরের মোট প্রস্তাবিত বরাদ্দের পরিমান ১১ হাজার ৭৮৩ কোটি টাকা।

## লেখচিত্র ১: বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ




তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার ২০২৪-২৫, বিবরণী ২।

## লেখচিত্র ২: শিক্ষা খাতে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বরাদ্দ প্রস্তাবনা





তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার ২০২৪-২৫, বিবরণী ২।

## ৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে শিক্ষা খাতে বরাদ্দ

২০২৪-২৫ অর্থবছরে শিক্ষা খাতের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রস্তাবিত বরাদ্দ ৩০ হাজার ৭৯২ কোটি টাকা। তন্মধ্যে সর্বাধিক বরাদ্দ প্রস্তাব করা হয়েছে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের জন্য - যার পরিমাণ ১৬ হাজার ১৩৬ কোটি টাকা। অপরদিকে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মন্ত্রণালয়ের জন্য ১১ হাজার ৩৮৮ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এছাড়াও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জন্য বরাদ্দের প্রস্তাব করা হয়েছে ৩ হাজার ২৬৮ কোটি টাকা (লেখচিত্র ৩)। উল্লেখ্য, ২০২৪-২৫ অর্থবছরে শিক্ষা খাতের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রস্তাবিত বরাদ্দ প্রস্তাবিত ছিল ২৮ হাজার ৯২৮ কোটি টাকা।

**লেখচিত্র ৩: ২০২৪-২৫ অর্থবছরে শিক্ষা খাতে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ প্রস্তাবনা**




তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার ২০২৪-২৫, বিবরণী ১০।

## ৪. উপসংহার

ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি টেকসই সমাজ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে দেশে শিক্ষা খাতের যুগোপযোগী পরিবর্তন অপরিহার্য। এলক্ষ্যে শিক্ষা খাতে প্রয়োজনীয় উন্নয়ন সাধনের জন্য বাজেটে অব্যাহতভাবে গুরুত্ব আরোপ করা প্রয়োজন। শিক্ষকের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা, অবকাঠামোগত উন্নয়ন, প্রত্যন্ত এলাকায় গুণগত মানসম্পন্ন শিক্ষার ব্যবস্থা এবং শ্রেণীকক্ষে পাঠদান প্রক্রিয়ার সাথে প্রযুক্তির সমন্বয়-এসব ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন এবং উন্নয়নের ক্ষেত্রে বরাদ্দকৃত বাজেট অধিকভাবে ব্যবহার প্রয়োজন । এসব ক্ষেত্রে যুগোপযোগী পরিবর্তন এনে আরো অধিক কার্যকরী এবং গুণগত মানসম্পন্ন শিক্ষা ব্যবস্থার মাধ্যমে দক্ষ জনশক্তির রূপান্তর ঘটিয়ে ভবিষ্যৎ চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করা সম্ভব।

This printed material was produced with the financial support of the European Union. Its contents are the sole responsibility of DT Global and CPD, and do not necessarily reflect the views of the European Union.